

১৯ ও ২০ অক্টোবর কলেজ শিক্ষকদের ক্লাস বর্জন

পৃথক বেতন স্কেল চান না শিক্ষকরা

■ ইত্তেফাক রিপোর্ট

৮ম জাতীয় বেতন স্কেলে সিলেকশন গ্রেড ও টাইম স্কেল পুনর্বহালের দাবিতে আন্দোলন কর্মসূচি ঘোষণা করেছে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি। আগামী ১০ অক্টোবরের মধ্যে এসব দাবির ক্ষেত্রে কোন আয়াস না পেলে আগামী ১৯ ও ২০ অক্টোবর সরকারি কলেজগুলোতে ক্লাস বর্জন কর্মসূচি পালন করবেন এই শিক্ষকরা এবং ১ নভেম্বর শিক্ষা ভবনের শিক্ষকদের অবস্থান কর্মসূচি থেকে পরবর্তী কর্মসূচি ঘোষণা করা হবে।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির ব্যানারে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে (ডিআরইউ) সাংবাদিকদের সঙ্গে যত্বিনিময় করেন শিক্ষক নেতারা। সেখানে সমিতির সভাপতি অধ্যাপক নাসরীন বেগম জানান, আমরা এখন মনে করছি কঠোর কর্মসূচি ছাড়া আমাদের দাবি আদায় হবে না।